

নং- ৫৯.১৪.০০১৯.০৩৩.৩২.০০২.২২.১০৭৪

তারিখঃ ২৭/০৪/২০২২ খ্রি:

“নোটিশ”

২০২১-২০২২ ইং শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তির জন্য নিবাচিত ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, নিম্নে উল্লেখিত ভর্তির জন্য প্রয়োজনীয় দলিলাদিসমূহ ভর্তির নিমিত্তে জমা প্রদান পূর্বক করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে আগামী ০৮/০৫/২০২২ হইতে ১৮/০৫/২০২২ ইং (সময় : সকাল ৯:০০ টার মধ্যে উপস্থিত হতে হবে) তারিখের মধ্যে ভর্তি কমিটির সম্মুখে হাজির হওয়ার জন্য বলা হলো।

ভর্তির জন্য প্রয়োজনীয় দলিলাদিসমূহ :-

- ০১। এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট।
- ০২। এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের মূল সনদপত্র/প্রশংসা পত্র।
- ০৩। জেলা কোর্টার দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত মূল নাগরিক সনদপত্র।
- ০৪। নয় কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি (অনলাইনে পূরণ করা আবেদন ফরমে প্রদত্ত ছবি ও প্রবেশ পত্রের ছবি এবং বর্তমান প্রদত্ত ছবি একইরূপ হতে হবে)।
- ০৫। পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র। অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র।
- ০৬। মুক্তিযোদ্ধা কোর্টায় মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রি: এ জারিকৃত বিধি বিধান অনুসরণ করা হবে।
- ০৭। প্রত্যেক ছাত্র-ছাত্রীদেরকে ভর্তির সময় অন্যান্য সনদের সাথে তাদের এমবিবিএস ভর্তি পরীক্ষার (২০২১-২০২২) রেজাল্ট সিট এর কপি জমা প্রদান করিতে হবে।
- ০৮। ইংরেজি ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ছাত্র/ছাত্রীরা ইংরেজি ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে অবশ্যই অধ্যক্ষের অনুমতি পত্র গ্রহণের কপি ভর্তির সময় জমা দিতে হবে।
- ০৯। O Level এবং A Level -এ পাশকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক মূল মার্কসীটসমূহ সমতাকরন (Equivalence) পূর্বক সমতাকরন সার্টিফিকেট, মার্কসীট ও সনদপত্র/প্রশংসা পত্র অবশ্যই জমা রাখিতে হবে।
- ১০। উল্লেখিত নিয়মাবলী সম্পাদনের পর যোগ্য প্রার্থীদেরকে সাময়িকভাবে ভর্তি করা হবে। ভর্তি পরবর্তী সময়ে যদি কোন ছাত্র-ছাত্রীর দাখিলকৃত দলিলাদির মধ্যে ভুলত্রুটি পরিলক্ষিত হয়, তবে তার ভর্তি বাতিল হবে এবং তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১১। প্রবেশপত্রে প্রার্থীর স্বাক্ষরের সাথে আবেদন পত্রে দেওয়া স্বাক্ষরের এবং ভর্তির সময় কাগজ-পত্রে স্বাক্ষরের মিল থাকতে হবে। অনলাইনে আবেদনপত্রে উল্লেখিত তথ্যাদির স্বপক্ষে পরীক্ষার্থী কর্তৃক প্রমাণক প্রদানে ব্যর্থ হলে বা প্রদানকৃত তথ্য অসত্য বলে প্রতীয়মান হলে যে কোন সময় তার ভর্তি বাতিলপূর্বক আইনানুগ ব্যস্থা গ্রহণ করা হবে।
- ১২। ভর্তির সময় দাখিলকৃত স্বয়ংক্রিয় অভিজ্ঞায়নের (মাইগ্রেশন) ফরম কোনরূপ পরিবর্তন, পরিবর্ধন বা বাতিলের আবেদন গ্রহণ যোগ্য হবে না।
- ১৩। হোস্টেলের সীটের আবেদনের জন্য পিতা ও মাতার ০১(এক) কপি করে সত্যায়িত ছবি ও মোবাইল নম্বর জমা দিতে হবে।
- ১৪। ভর্তির যাবতীয় ফিস বাবত মোট ১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত) টাকা এবং হোস্টেল উন্নয়ন ফি বাবত মোট ২,৫০০/- (দুই হাজার পাঁচ শত টাকা) সর্বমোট ১৭,০০০/- (সতের হাজার) টাকা জমা প্রদান করতে হবে।



অধ্যাপক ডাঃ মোঃ মোস্তফা কামাল আজাদ

অধ্যক্ষ

কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।

ফোন নং ০৮১-৬৫৫৬২, ৬৬৫৫০

E-mail: comc@ac.dghs.gov.bd